

- ১। (ক) অন্ত্য= ‘অ’ ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
 অথবা, (খ) যে কোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ: অনিঃশেষ, ঐশ্বর্য, ষাণ্মাসিক, প্রায়শ্চিত্ত, উহা, জয়ধ্বনি, ব্রহ্মপুত্র, উদ্বাস্ত।
- ২। (ক) ৭-ত্ব বিধান কাকে বলে? ৭-ত্ব বিধানের চারটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
 অথবা, (খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ: বৈয়াকরণিক, মুহূর্মুহ, শ্রোঞ্জলন, কুপমডুক, পিপিলীকা, শিবাবাত্রি, সৃষ্ট, স্টেডিয়াম।
- ৩। (ক) যোজক কী? উদাহরণসহ যোজন-এর শ্রেণিবিভাগ দেখাও। ৫
 অথবা, (খ) নিম্নরেখ যে কোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর:
 i. চলো কোথাও একটু ঘুরে আসি।
 ii. ট্রেনটা এখনই এসে পড়বে।
 iii. নদীর বুকে চর জেগেছে।
 iv. এত চিনি দিলাম তবু মিষ্টি হলো না।
 v. বিপদ কখনও একা আসে না।
 vi. বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য অতুলনীয়।
 vii. আমাদের যাত্রা সমুদ্র অভিমুখে।
 viii. হে বন্ধু বিদায়।
- ৪। (ক) যে কোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর: ৫
 আপদ, গৌরব, দিব্য, বাঙ্গয়, লিখিত, মন্ত্রণা, পণ্ডিত, ভাস্বর।
 অথবা, (খ) ব্যষবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোন পাঁচটি): আঁট-সাঁট, গৃহস্থ, তপোবন, গণতন্ত্র, অনাহৃত, বিমনা, নবরত্ন, অনুরণন।
- ৫। (ক) বাক্য কাকে বলে? পঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫
 অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যে কোনো পাঁচটির বাক্যস্তর কর।
 i. বিদ্বান হলেও তার অহঙ্কার নেই। (যৌগিক)
 ii. ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই। (জটিল)
 iii. আমি আশা ছাড়িতে পারিলামনা। (অস্তিবাচক)
 iv. স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষের সংসার পরিপূর্ণ। (নেতিবাচক)
 v. যা বাঙালির আত্মজাগরণ, তা অভিনন্দনর দাবি রাখে। (সরল)
 vi. সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
 vii. বাঁশির সুরটি সুমধুর। (বিস্ময়বোধক)
 viii. বস্তুজিজ্ঞাসা তথা বিজ্ঞান কখনো শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে না। (প্রশ্নবোধক)
- ৬। (ক) যে কোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ:
 i. জাতীয় প্রেসক্লাবে তিনি এক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।
 ii. কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
 iii. আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
 iv. সম্প্রতি কয়েকটি নদীতে নাব্যতা সংকট দেখা দিয়েছে।
 v. স্বজনেরা মরাদাহ করতে শ্মশানে গেছেন।
 vi. ফেলো টাকা মাথো তেল।
 vii. তদানীন্তনকালে বাঙালি ব্রিটিশদের অধীন ছিলো।
 viii. কথাটি শুনে তিনি আশ্চর্য হলেন।
 অথবা (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর।
 বিদ্বানজনেরা সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এ ক্ষেত্রে যে কোনো শুভ উদযোগকে জানাই সুস্বাগত।
- ৭। (ক) যে কোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ। ১০
 Autonomous, Black-out, Corrcspondent, Diplomatic, Endorsement, Feudal, Horticulture, Idealism, Landscapc, Memorandum, Non-aligned, Ordinance, Pioneer, Remark, Worship.
 অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর:
 The aim of education is ti make a man fully fit for himscfl and the society. It means to develop the whole man, his body, mind and soul. It is education which aims at providing a child with oppourtunities so that it can bring to light it’s all latent qualities. An educated man should be gentle, polite, thoughtful, crcative, kind, respectful, sympatetic and co-operative. So, all of us should try our best to be educated and to serve humanity and the state. Because if education develops no spiritual and moral values, it has no value at all.
- ৮। (ক) ‘বাল্যবিবাহ প্রতিরোধের প্রয়োজনীয়তা’ বিষয়ে একটি ভাষণ প্রস্তুত কর। ১০
 অথবা, (খ) তোমার মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ সম্পর্কিত দিনলিপি লেখ।
- ৯। (ক) তোমার দেখা বাংলাদেশের কোনো একটি গ্রামের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে প্রবাসী বন্ধুকে একটি ই-মেইল পাঠাও। ১০
 অথবা, (খ) তোমার কলেজে রবীন্দ্র-জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে একটি আমন্ত্রণপত্র রচনা কর।
- ১০। (ক) সারমর্ম লেখ: ১০

সন্ধ্যা যদি নামে পথে, চন্দ্র যদি পূর্বাচল কোণে
নাই হয় উদয়,
তারকার পুঞ্জ যদি নিভে যায় প্রলয় জলদে,
না করিদ ভয়।
হিংস্র উর্মি ফণা তুলি, বিভীষিকা মূর্তি ধরি যদি
গ্রাসিবারে আসে,
সে মৃত্যু লঙ্ঘিয়া যাব, সিন্ধু পাড়ে নবজীবনের
নবীন আশ্বাসে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর:

রাত্রে যদি সূর্য শোকে ঝরে অশ্রুধারা,
সূর্য নাহি ফেরে, শুধু ব্যর্থ হয় তারা।

১১। (ক) ফেইসবুকের সুফল ও কুফল বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। অথবা, (খ) নিচের উদ্দীপক একটি খুঁদে গল্প লেখ।

পড়ন্ত বিকেলের ঢাকার ফুটপাতে হাঁটতে হাঁটতে

রাজু ভাবে, কালের প্রবহমান স্রোত জীবনকে

আজ কতদূরে নিয়ে এসেছে। কিন্তু শৈশবের

স্মৃতিগুলো আজও...

১২। যে কোনো একটি বিষয় প্রবন্ধ লেখ:

(ক) মহান মুক্তিযুদ্ধের চেতনা ও আজকের বাংলাদেশ

(খ) বাংলাদেশের কৃষিতে বিজ্ঞান ও প্রযুক্তি

(গ) পোশাক শিল্প : সমস্যা ও সম্ভাবনা

(ঘ) বৈশ্বিক উষ্ণতাবৃদ্ধি ও বাংলাদেশ

(ঙ) বই পড়ার আনন্দ